

# কুবির ফার্মেসি বিভাগে অনিদিষ্টকাল ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা শিক্ষার্থীদের

মোহাম্মদ জোবাইর হোসাইন, কুমিল্লা  
বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ১৯:১১, ১৬ জুলাই ২০২৫; আপডেট: ১৯:১২, ১৬  
জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

×

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগে চরম শিক্ষক সংকটের  
কারণে অনিদিষ্টকাল ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছেন

শিক্ষার্থীরা। তাদের একদফা দাবি হলো অতিক্রম বিভাগে  
পাঁচজন শিক্ষক নিয়োগ দেওয়ার ব্যবস্থা করা।

×

বুধবার (১৬ জুলাই) দুপুর আড়াইটায় ফার্মেসি বিভাগের একটি  
কক্ষে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে  
কুমিল্লা বিশ্ববিদ্যালয় ফার্মেসি সোসাইটির পক্ষ থেকে ঘোষণা  
দিয়েছেন শিক্ষার্থীরা। সংবাদ সম্মেলনে প্রায় শতাধিক শিক্ষার্থী  
উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে বক্তারা জানান, দীর্ঘদিন ধরে সঠিকভাবে ক্লাস ও  
পরীক্ষা পরিচালিত না হওয়ায় শিক্ষার্থীরা একাধিকবার  
লিখিতভাবে অভিযোগ জানালেও এখন পর্যন্ত কোনো কার্যকর  
পদক্ষেপ গ্রহণ করা হয়নি। এমন পরিস্থিতিতে শিক্ষার্থীদের  
শিক্ষাজীবন ও ভবিষ্যৎ মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। এই সংকট  
নিরসনে দ্রুত ব্যবস্থা গ্রহণের দাবি জানান তারা। ফার্মেসি  
বিভাগের সকল শিক্ষার্থীরা এই দাবির সাথে একাত্মতা পোষণ  
করেন।

ফার্মেসি সোসাইটির সাধারণ সম্পাদক ইয়াচিন আহমেদ হিমু  
বলেন, "আমাদের এক দফা দাবিটি হলো অবিলম্বে বিভাগে  
অন্তত ৫ জন শিক্ষক নিয়োগ দিতে হবে। আমাদের দাবি আদায়  
না পর্যন্ত নির্দিষ্টকালের জন্য ক্লাস ও পরীক্ষা বর্জন করা হলো।  
তবে সেমিস্টার ফাইনাল ও ভাইবা এর আওতামুক্ত থাকবে।  
আগামী রবিবারের মধ্যে কোনো সন্তোষজনক সিদ্ধান্ত না এলে,  
সোমবার থেকে ভিসি দপ্তর ও সায়েন্স ফ্যাকাল্টির ডিন অফিসে  
তালা ঝুলিয়ে দেওয়া হবে। আমাদের এই দাবি শুধুমাত্র

শিক্ষার্থীদের ন্যায় অধিকার রক্ষার জন্য, যা দেশের উচ্চশিক্ষা ও  
মানসম্পন্ন ফার্মাসিউটিক্যাল শিক্ষা নিশ্চিত করার জন্য  
অপরিহার্য।"